NATIONAL DAIRY DEVELOPMENT BOARD

# এঁটুলি (টিক) নিয়ন্ত্রণে 'ওয়ান হেলথ'/ ‘এক স্বাস্থ্’ পদ্ধতি

## এঁটুলির নিয়ন্ত্রণ কেন প্রয়োজন?

- ☑ এঁটুলির থেকে অ্যানাপ্লাজমোসিস, থাইলেরিওসিস ও বেবেসিওসিসের মতো বিভিন্ন রোগ ছড়ায়, যা প্রাণঘাতী হতে পারে।
- ☑ অতিরিক্ত এঁটুলির সংক্রমণে রক্তাল্পতা, রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল হওয়া এবং উৎপাদন কমে যাওয়ার মতো সমস্যা হয়।
- ☑ এঁটুলির কামড় থেকে অ্যালার্জি হয় এবং এটি বেশ অস্বস্তিকর হতে পারে।
- ☑ প্রত্যেকটি এঁটুলি বিপুল সংখ্যক ডিম পাড়ে (~3000), এবং একবার আক্রমণ করলে, তা নিয়ন্ত্রণ করা কঠিন হয়।
- ☑ এঁটুলি মানুষকেও আক্রান্ত করতে পারে এবং ক্রিমিয়ান কঙ্গো হেমোরেজিক জ্বর (CCHF)-এর মতো মারাত্মক এঁটুলিবাহিত রোগ সৃষ্টি করতে পারে।

## এঁটুলির জীবনচক্র ও নিয়ন্ত্রণের স্তরসমূহ

এরা পশুর দেহে উঠে যায় এবং সেখানেই নিম্ফ রূপে বিকাশ করে।



**নিয়ন্ত্রণের স্তরসমূহ:**

- উষ্ণ ও আর্দ্র মৌসমে পশুর গলা, পালান ও পেরিনিয়াল অঞ্চলে হাত বুলিয়ে নিয়মিতভাবে পরীক্ষা করুন।



নিম্ফ রক্ত পান করে ফুলে ওঠে, তারপর প্রায় ৩ সপ্তাহের মধ্যে নিচে পড়ে ডিম পাড়ে এবং তারপর মারা যায়।

**নিয়ন্ত্রণের স্তরসমূহ:**

- দেশি মুরগি পালন করুন, যা এঁটুলি খেয়ে ফেলে।
- পশু ও তার আশপাশের পরিবেশকে নিয়মিতভাবে এঁটুলি মুক্ত করুন।
- নতুন পশু কিনে পালে প্রবেশ করানোর আগে অবশ্যই এঁটুলি মুক্ত করুন।
- প্রতিরোধ ক্ষমতা এড়াতে, EVM/ বিভিন্ন অ্যাকারিসাইড ব্যবহার করুন।



প্রতিটি রক্তপান করা এঁটুলি প্রায় ৩০০০টি ডিম পাড়তে পারে।

**নিয়ন্ত্রণের স্তর:**

- পশু ও তার আশপাশের পরিবেশে নিয়মিতভাবে এঁটুলি মুক্ত (ডি-টিকিং) করুন।



ডিম ফোটার পর লার্ভা ঘাসের আগায় গুচ্ছবদ্ধ হয়ে থাকে

**নিয়ন্ত্রণের স্তরসমূহ:**

- যেসব চারনভূমিতে এঁটুলির আক্রমণ বেশি , সেসব এড়িয়ে চলুন
- চারণভূমি রোটেশন করুন।

## অর্থনৈতিক প্রভাব

### এঁটুলি নিয়ন্ত্রণ ছাড়া

- ওজন হ্রাস হবে
- রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস হবে
- টিকাদানে ব্যর্থতা
- এঁটুলিবাহিত রোগ (বেবেসিয়া, থাইলেরিয়া, অ্যানাপ্লাজমা) এর কারণে মৃত্যুর ঝুঁকি বেড়ে যায়।
- উৎপাদনে ক্ষতি হয়
- চিকিৎসার উচ্চ ব্যয় হয়
- জুনোটিক ঝুঁকি (যেমন: CCHF)
- এঁটুলির কামড়ে চর্মরোগ বা অ্যালার্জি হয়
- পশুকল্যাণের অভাব
- নিকটবর্তী খামারগুলিতে সংক্রমণের সম্ভাব্য উৎস

### এঁটুলির নিয়ন্ত্রণের মাধ্যমে

- ☑ উন্নতমানের খাদ্য রূপান্তর (ফিড কনভার্সন)
- ☑ উন্নত রোগ প্রতিরোধ ক্ষমতা ও পশুপালের স্বাস্থ্য
- ☑ এঁটুলিবাহিত রোগের ঝুঁকি কম
- ☑ উন্নত উৎপাদন
- ☑ চিকিৎসার উপর কম খরচ
- ☑ কম জুনোটিক ঝুঁকি
- ☑ উন্নত পশুকল্যাণ
- ☑ এঁটুলি নিয়ন্ত্রণ বিলাসিতা নয় বরং এটাই আপনার জীবিকা

**আজই টিক নিয়ন্ত্রণ শুরু করুন!**

এই কিউআর (QR) কোডটিকে স্ক্যান করুন ইউ টিউব (You Tube)-এ ভিডিও দেখবার জন্য।